ঢাকা ওয়াসা

১। ২০২৪-২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২। মাস ক্লিনিং কাজের কমিটি কর্তৃক অনুমোদিত দরের কপি।
৩। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
৪। প্রাক্কলনের কপি।

বিষয়: মড্স জোন-২ এর আওতাধীন নূরবক্স লেন (হোল্ডিং নং- ০১-২৭/৪), কসাইটুলী (হোল্ডিং নং- ০১-৫৪/২), কেপি ঘোষ স্ট্রিট (হোল্ডিং নং- ০১-২৮/৫), হাজী আব্দুর রশিদ লেন (হোল্ডিং নং- ১১০-১৫১/১), মাহুতটুলী (হোল্ডিং নং- ০১-১৪৮), সাম্সাবাদ (হোল্ডিং নং- ০১-৬৮/২), আরমানিটোলা (হোল্ডিং নং- ০১-১৫৯/১), কেএম আজম লেন (হোল্ডিং নং- ২০১-২৩৮/২), গোলাম মোস্তফা লেন (হোল্ডিং নং- ০১-৭৬/৩), নাবালক মিয়া লেন (হোল্ডিং নং- ০১-৮৭/১) সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-১১)।

০১। সদয় অবগত করানো যাচ্ছে যে, মডস্ জোন-২ ঢাকা ওয়াসা এর অন্যতম জনবহুল বানিজ্যিক,আবাসিক এবং পর্যটন শহর। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেল্লা,আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা এবং চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাটসহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গসহ ব্যবসায়িক ও সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন । এম.আই.এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিলোমিটার পয়ঃ লাইন এবং প্রায় ৩৫০০ ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠ পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস্ ক্লিনিং কাজ করা হয়। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে ফ্লো বাধাপ্রাপ্ত হয়ে অনেকাংশে ওভারফ্লো হয়ে পরিবেশ দূষিত হয় ফলে জনস্বাস্থ্য বিঘ্নিত হচ্ছে। প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। বিভাগীয় সীমিত লোকবল দ্বারা কাজ চালিয়ে নেয়া হচ্ছে। কিন্তু সুষ্ঠভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন শীতের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোলের মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন। কেননা শীত মৌসুমে পয়ঃ মাস্ ক্লিনিং কাজে নিয়োজিত শ্রমীকগন ঠান্ডা আবহাওয়ায় প্রচন্ড শীতের মাধ্যে পয়ঃ ম্যানহোলে প্রবেশ করে প্রায়ই অসুস্থ হয়ে যায়, ফলে মাস্ ক্লিনিং কাজ নিরবিচ্ছিন্নভাবে পরিচালনায় ব্যাঘাৎ সৃষ্টি হয়। উর্ধতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে পূর্ববর্তী বছরের ন্যায় দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে। সেই প্রেক্ষিতে মড্স জোন-২ এর সমগ্র এলাকাকে (২২ গ্রুপ মাস্ ক্লিনিং) ২২ টি ভাগে বিভক্ত করা হয়। উক্ত ২২ টি গ্রুপের মধ্যে ১ম পর্যায়ে ৭ টি গ্রুপের মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারনের কাজ Force Account এর মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রস্তাব করা হলো। মড্স জোন-২ এর আওতাধীন এলাকায় বৎসরিক মাস ক্লিনিং কাজের ১ম পর্যায় মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ সরানো সহ (৭ টি নথি) নথির কাজ আগামী ২৬/০১/২০২৫ইং তারিখ হতে শুরু করা যেতে পারে। কাজ চলাকালীন সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মড্স সার্কেল-১ সাহেবকে কাজের অগ্রগতির তথ্যসহ ই-মেইলে কাজ শেষে ছবি প্রেরন করা হবে। যে সকল স্থানে ১ম পর্যায় কাজ সম্পন্ন হবে হবে নিম্নে তার বিবরন দেয়া হ'ল।

ক) ডুরি আঙ্গুল লেন, আব্দুল আজিজ লেন, নবাবগঞ্জ, ললিত মোহন দাস লেন, পিলখানা রোড, কাশ্মিরিটোলা লেন, লালবাগ ভাট মসজিদ সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-০৬) এ (২০০ মিমি ব্যাসের-১.৫০ কিঃমিঃ, ২৫০ মিমি ব্যাসের-১.৭০ কিঃমিঃ, ৩০০ মিমি ব্যাসের-১.৪০ কিঃমিঃ, ৬০০ মিমি ব্যাসের-০.৭০ কিঃমিঃ) মোট ৫.৩০ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ২১৫ টি ম্যানহোল পরিস্কার করা হবে।

খ) শেখ সাহেব বাজার, সুবল দাস রোড, নগর বেলতলী, ঋষিপাড়া, লালবাগ রোড, কাজী রিয়াজ উদ্দিন রোড, পুষ্পরাজ সাহা লেন, জগন্নাথ সাহা রোড, রাজা শ্রীনাথ স্ট্রিট,হরমোহন শীল স্ট্রিট সহ আশপাশের এলাকায় বিদ্যমান

বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-৩) এ (২০০ মিমি ব্যাসের-২.৫০ কিঃমিঃ, ২৫০ মিমি ব্যাসের-১.৮০ কিঃমিঃ, ৩০০ মিমি ব্যাসের-০.৩০ কিঃমিঃ, ৪০০ মিমি ব্যাসের-০.৬০ কিঃমিঃ, ৬০০ মিমি ব্যাসের-০.৫০ কিঃমিঃ) মোট ৫.৭ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৭৩ টি ম্যনহোল পরিস্কার করা হবে।

গ) হাজারীবাগ রোড, মনেশ্বর রোড, মনেশ্বর ১ম ও ২য় লেন, গজমহল, ঝিগাতলা, নবীপুর সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-৮) এ (২০০ মিমি ব্যাসের-০.২০ কিঃমিঃ, ২৫০ মিমি ব্যাসের-১.১০ কিঃমিঃ, ৩০০ মিমি ব্যাসের-০.৮৫ কিঃমিঃ, ৬০০ মিমি ব্যাসের-০.৫০ কিঃমিঃ) মোট ২.৬৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৯৬ টি ম্যনহোল পরিস্কার করা হবে ।

ঘ) চাঁনখারপুল, আলী নেকী দেউড়ি, নবাব কাটরা, আবুল হাসনাত রোড লেন, বংশাল রোড লেন, টি এন্ড টি-র গলি, কিউট-এর গলি, চুড়ি ওয়ালা গলি, সাত রওজা রোড লেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-১৪) এ (২০০ মিমি ব্যাসের-১.২০ কিঃমিঃ, ২৫০ মিমি ব্যাসের-১.৫০ কিঃমিঃ, ৩০০ মিমি ব্যাসের-০.৩৫ কিঃমিঃ, ৪০০ মিমি ব্যাসের-০.৪০ কিঃমিঃ, ৬০০ মিমি ব্যাসের-০.৭০ কিঃমিঃ, ৯০০ মিমি ব্যাসের-০.৮০ কিঃমিঃ) মোট ৪.৯৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৬৮ টি ম্যনহোল পরিস্কার করা হবে ।

ঙ) হাজী রহিম বক্স লেন, শায়েস্তা খান রোড, খাজে দেওয়ান ১ম ও ২য় লেন, হরনাথ ঘোষ রোড, কে.বি. রুদ্র রোড, খাজেদল সিং লেন, গৌরসুন্দর রায় এলাকা সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-১৬) এ (২০০ মিমি ব্যাসের-২.৩৫ কিঃমিঃ, ৪৫০ মিমি ব্যাসের-০.৩৫ কিঃমিঃ, ৮০০ মিমি ব্যাসের-১.০ কিঃমিঃ, ২৫০০ মিমি ব্যাসের-২.২০ কিঃমিঃ) মোট ৫.৯ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১২৪ টি ম্যনহোল পরিস্কার করা হবে ।

চ) নূরবক্স লেন, কসাইটুলী, কেপি ঘোষ স্ট্রিট, হাজী আব্দুর রশিদ লেন, মাহুতটুলী, সাম্সাবাদ, আরমানিটোলা, কেএম আজম লেন, গোলাম মোস্তফা লেন, নাবালক মিয়া লেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-১১) এ (২০০ মিমি ব্যাসের-২.০০ কিঃমিঃ, ২৫০ মিমি ব্যাসের-১.৫০ কিঃমিঃ, ৩০০ মিমি ব্যাসের-১.৪৫ কিঃমিঃ, ৪৫০ মিমি ব্যাসের-০.৮ কিঃমিঃ, ৮০০ মিমি ব্যাসের-০.৬০ কিঃমিঃ) মোট ৬.৩৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ২১৮ টি ম্যনহোল পরিস্কার করা হবে ।

ছ) নবাবগঞ্জ পয়ঃ লিফট স্টেশন হইতে লালবাগ চৌরাস্তা পর্যন্ত ট্রাংক পয়ঃ লাইন মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-২২) এ (৮০০ মিমি ব্যাসের-০.৮৪৫ কিঃমিঃ) মোট ০.৮৪৫ কিঃমিঃ পয়ঃ লাইন পরিস্কার করা হবে।

পয়ঃলাইন ও ম্যানহোল পিট বাৎসরিক রুটিন অনুযায়ী ক্লিনিং কাজ করা হলে ওভারফ্লো এর অভিযোগ কম থাকে। সেই প্রেক্ষিতে ২২ টি গ্রুপের মধ্যে ১ম পর্যায় কাজ শুরুর জন্য মডস্ জোন-২ এর আওতাধীন নূরবক্স লেন, কসাইটুলী, কেপি ঘোষ স্ট্রিট, হাজী আব্দুর রশিদ লেন, মাহুতটুলী, সাম্সাবাদ, আরমানিটোলা, কেএম আজম লেন, গোলাম মোস্তফা লেন, নাবালক মিয়া লেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ (গ্রুপ-১১) সহ আশপাশের এলাকায় ২০ দিন ব্যাপী কয়েকটি ভাগে বিভক্ত করিয়া মাস্ ক্লিনিং কাজ করার জন্য প্ল্যাস্টিকের বস্তা ক্রয় এবং উত্তোলিত স্ল্যাজ অপসারনের জন্য ভ্যান ও ট্রাক ভাড়া বাদে শুধু মাত্র ডেইলি লেবার বাবদ দর নির্ধারন কমিটির অনুমোদিত দর অনুযায়ী ০১ টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে = ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার) টাকা মাত্র। নথিটি অনুমোদিত হলে উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে ইস্যু করা যেতে পারে।

ঢাকা ওয়াসা

০২। এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে সুষ্ঠ পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে মড়স জোন-২ এর আওতাধীন নূরবক্স লেন, কসাইটুলী, কেপি ঘোষ স্ট্রিট, হাজী আব্দুর রশিদ লেন, মাহুতটুলী, সামসাবাদ, আরমানিটোলা, কেএম আজম লেন, গোলাম মোস্তফা লেন, নাবালক মিয়া লেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-১১) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮২(১) ধারা (Force Account) অনুসারে =২,৮৮,০০০/-(দুই লক্ষ আটাশি হাজার) টাকার প্রাক্কলনটি, বিগত বছরের ন্যায় উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে অনুমোদন করা যেতে পারে। ইস্যু কৃত চেক হতে প্রাপ্ত টাকা বর্নিত কাজে ব্যয় করা হবে এবং কাজ শেষে লেবার বিলের মাধ্যেমে উহা সমন্বয় করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৪-২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৭৭ RS হতে (Force Account) মাধ্যমে নির্বাহ করা হবে (কপি সংযুক্ত)।

SE (MODS-1)

২১/০১/২৫
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-২, ঢাকা ওয়াসা।

19.01.2025
সোনিয়া আক্তার
সহকারী প্রকৌশলী
মড্স জোন-২, ঢাকা ওয়াসা

21/01/25
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন-২, ঢাকা ওয়াসা।

৩। স্মারক নং- ৪৬.১১৩.২০৮.০০.০১৩.১৪৬.২০১৩-৩৭২২, তাং- ০৭.১০.২০২৪ইং মূলে গঠিত টাস্কফোর্স এর পর্যবেক্ষণ ও সুপারিশের ভিত্তিতে কাজটি বাস্তবায়নের শর্তে অনুচ্ছেদ-২ এর সুপারিশ অনুমোদন করা যেতে পারে।

CE

22/01/25
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

DMD (O+M)

2025
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

28/1/2025
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

DMD (O+M)

CE
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

MD
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

৮৩৮/ম.প্র:
১৮/০২/২৫

EE, zone-2

[signature] 18/2/2025

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

CamScanner